# বিটিআরসি’র ২০১৬ হতে ২০২১ বছরের অর্জনসমূহ



| বছর | বিষয় | পাতা |
|---|---|---|
| অর্জন ২০২২ | ই-বর্জ্য ব্যবস্থাপনা ও রিসাইক্লিং সিস্টেম সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন (জুলাই ২০২২) | ৩ |
| | বিটিআরসি ও অর্থ বিভাগের iBAS++ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর (জুলাই ২০২২) | ৩ |
| | আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ চালুকরণ (এপ্রিল ২০২২) | ৪ |
| | নিলামের মাধ্যমে তরঙ্গ বরাদ্দ (মার্চ ২০২২) | ৪ |
| | ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ প্রদানে সুশৃঙ্খল পরিবেশ তৈরির লক্ষ্যে নির্দেশিকা প্রণীত (মার্চ ২০২২) | ৪ |
| | Social Obligation Fund (SoF) তহবিলের আওতায় বিভিন্ন প্রকল্প (ফেব্রুয়ারী ২০২২) | ৪ |
| | আন্তর্জাতিক কল টার্মিনেশন রেট নির্ধারণ (ফেব্রুয়ারী ২০২২) | ৬ |
| | বিটিআরসি কর্মচারী চাকুরী প্রবিধান (ফেব্রুয়ারী ২০২২) | ৬ |
| | বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা প্রণয়ন (জানুয়ারি ২০২২) | ৬ |
| | NID **এবং ১০ ডিজিটের** Smart Card ID **এর মধ্যে ম্যাপিং** (জানুয়ারি ২০২২) | ৬ |
| অর্জন ২০২১ | **জাতীয় রাজস্ব আহরণ** (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ৬ |
| | **প্রশাসনিক জরিমানা** (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ৭ |
| | টেলিযোগাযোগ সেক্টরে শৃংখলা ও সুশাসন বজায় রাখতে বিটিআরসি’র ভূমিকা (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ৭ |
| | Radiation পরিমাপ কার্যক্রম (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ৮ |
| | SDG লক্ষ্যমাত্রা অর্জনে বিটিআরসি’র কার্যক্রম (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ১০ |
| | বিভিন্ন ক্যাটাগরির লাইসেন্স প্রদান (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১) | ১০ |
| | **অনলাইন ভিত্তিক টেলিভিশন** (আইপি-টিভি) **পরিচালনার অনাপত্তি প্রদান** (নভেম্বর ২০২১) | ১১ |
| | বাংলাদেশের পক্ষে SATRC-এর চেয়ারম্যান হিসেবে নির্বাচিত (নভেম্বর ২০২১) | ১১ |
| | Text এর মাধ্যমে Facebook, Messenger ও Discover অ্যাপ চালুকরণ (নভেম্বর ২০২১) | ১১ |
| | “ডিজিটাল নিরাপত্তা সেল” গঠন ( অক্টোবর ২০২১) | ১১ |
| | **বিভিন্ন প্যাকেজ সংক্রান্ত ডিরেক্টিভস চালু** (সেপ্টেম্বর ২০২১) | ১১ |
| | ISP **ব্রডব্যান্ড ইন্টারনেট ট্যারিফ প্রদান** (সেপ্টেম্বর ২০২১) | ১২ |
| | **টেলিকম মনিটরিং সিস্টেম স্থাপন** (আগস্ট ২০২১) | ১২ |
| | **এনটিটিএন-দের ট্যারিফ প্রদান** (আগষ্ট ২০২১) | ১২ |
| | বেসরকারী IIG-**দের ট্যারিফ প্রদান** (আগষ্ট ২০২১) | ১২ |
| | গণশুনানি (আগস্ট ২০২১) | ১২ |
| | NEIR সেবা চালুকরণ (জুলাই ২০২১) | ১২ |
| | **‘একদেশ একরেট’** চালূকরণ (জুন ২০২১) | ১২ |
| | দেশি ও আন্তর্জাতিক ব্র্যান্ডের মোবাইল উৎপাদন/ সংযোজন কারখানা (জুন ২০২১) | ১৩ |
| | ‘গ্রাহক সেবা কর্নার’ চালু (জুন ২০২১) | ১৪ |
| | A2P **এসএমএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি** (মে ২০২১) | ১৪ |
| | WSIS Prizes 2021 ‘Winner’ **খেতাব অর্জন** ( এপ্রিল ২০২১) | ১৪ |
| | Do Not Disturb (DND) সেবা চালু (এপ্রিল ২০২১) | ১৪ |
| | ১৮০০/ ২১০০ মেগাহার্জ ব্যান্ড নিলাম (মার্চ ২০২১) | ১৫ |
| | **বাংলা এসএমএস সেবা চালু (ফেব্রুয়ারি ২০২১)** | ১৫ |
| | CBVMP **ইস্যুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্ত বিভাগ ও বিটিআরসি’র মধ্যে সমঝোতা স্মারক (ফেব্রুয়ারি ২০২১)** | ১৫ |
| অর্জন ২০২০ | কোভিড-১৯ অতিমারির সময়ে জনসচেতনা বৃদ্ধিতে বিটিআরসি’র কার্যক্রম (জানুয়ারী ২০২০-ডিসেম্বর ২০২১) | ১৫ |
| | ল্যান্ডিং রাইটস্ ফর ব্রডকাস্টিং স্যাটেলাইট সার্ভিস ইন বাংলাদেশ গাইডলাইনট প্রকাশিত (আগষ্ট ২০২০) | ১৬ |
| অর্জন ২০১৯ | NOC Automation and IMEI Database (NAID) সিস্টেমটি পূর্ণাঙ্গরুপে চালু (আগষ্ট ২০১৯) | ১৬ |
| | NOC Automation and IMEI Database (NAID) সিস্টেম স্থাপন (জানুয়ারি | ১৬ |

| | | |
|---|---|---|
| | ২০১৯) | |
| অর্জন ২০১৮ | Mobile Number portability (MNP) সেবা চালু (অক্টোবর ২০১৮) | ১৬ |
| | **মোবাইল ফোন সেবার মূল্যহ্রাস** (আগস্ট ২০১৮) | ১৬ |
| | বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে উৎক্ষেপণ (মে ২০১৮) | ১৬ |
| | "টাওয়ার শেয়ারিং" গাইডলাইন (এপ্রিল ২০১৮) | ১৭ |
| | TVAS গাইডলাইন প্রণয়ন (মার্চ ২০১৮) | ১৭ |
| | ফোরজি (4G) তরঙ্গ বরাদ্দ (ফেব্রুয়ারি ২০১৮) | ১৭ |
| | 4G/LTE Cellular Mobile Phone Services Operator লাইসেন্স প্রদান (ফেব্রুয়ারি ২০১৮) | ১৭ |
| অর্জন ২০১৬ | **"বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প"-কে "রিকগনিশন অফ এক্সেলেন্স" এওয়ার্ড** প্রদান (**নভেম্বর ২০১৬)** | ১৭ |
| | **চিত্রসমূহ** | |
| চিত্র-১ | বিটিআরসি ও অর্থ বিভাগের iBAS++ এর মধ্যকার সমঝোতা স্মারক সাক্ষর। | ৩ |
| চিত্র-২ | অপারেটর ভিত্তিক তরঙ্গ বরাদ্দের পরিমান। | ৪ |
| চিত্র-৩ | বছর ভিত্তিক জাতীয় রাজস্ব আহরণ (২০১৬ থেকে ২০২১)। | ৭ |
| চিত্র-৪ | বছর ভিত্তিক আরোপকৃত জরিমানার পরিমাণ (টাকায়)। | ৭ |
| চিত্র-৫ | **জব্দকৃত সিমসমূহের বিপরীতে আরোপকৃত জরিমানার পরিমাণ** (টাকায়)। | ৮ |
| চিত্র-৬ | EMF Rediation পরিমাপ কার্যক্রম। | ৯ |
| চিত্র-৭ | ১১২.১৩ মিলিয়ন যাচাইকারীর বায়োমেট্রিক যাচাইকরণ সমাপ্ত। | ১০ |
| চিত্র-৮ | SDG লক্ষ্যমাত্রা অর্জনে বিটিআরসি'র কার্যক্রম । | ১০ |
| চিত্র-৯ | লাইসেন্স প্রদানের হার। | ১১ |
| চিত্র-১০ | **'একদেশ একরেট'** কার্যক্রম চালুকরণ। | ১৩ |
| চিত্র-১১ | মোবাইল ফোন হ্যান্ডসেটের তথ্য (আমদানিকৃত)। | ১৩ |
| চিত্র-১২ | মোবাইল ফোন হ্যান্ডসেটের তথ্য (স্থানীয়ভাবে উৎপাদিত)। | ১৪ |
| চিত্র-১৩ | অপারেটর ভিত্তিক তরঙ্গ বরাদ্দের পরিমান। | ১৫ |
| চিত্র-১৪ | ফোরজি (4G) তরঙ্গ বরাদ্দ। | ১৭ |
| | **টেবিলসমূহ** | |
| টেবিল-১ | SoF তহবিলের আওতায় বাস্তবায়িতব্য বিভিন্ন প্রকল্পের বিস্তারিত। | ৫ |
| টেবিল-২ | মোবাইল টাওয়ারের EMF Radiation পরিবীক্ষণের ফলাফল। | ৮ |

### ই-বর্জ্য ব্যবস্থাপনা ও রিসাইক্লিং সিস্টেম সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন (জুলাই ২০২২)

পুরাতন ও ব্যবহৃত ইলেকট্রনিক পণ্য যথাযথ প্রক্রিয়ায় ধ্বংস অথবা নিষ্পন্ন করা না হলে তা পরিবেশের জন্য অত্যন্ত হুমকিস্বরূপ হয়ে দাঁড়ায়। দেশের পরিবেশ ও জীববৈচিত্রের ভারসাম্য রক্ষার্থে এবং মানবদেহের স্বাস্থ্য ঝুঁকি রোধকল্পে যথাযথ প্রক্রিয়ায় এই ধরণের বর্জ্য ব্যবস্থাপনা এবং রিসাইক্লিংকরণ অত্যাবশ্যক। টেলিকম যন্ত্রপাতিসমূহের ক্ষেত্রে এর ব্যবহার পরবর্তী ব্যবস্থাপনা যেমন- সিলগালাকরণ, ধ্বংসকরণ ইত্যাদি বিষয়ে অত্র কমিশনের অনুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। সার্বিক কার্যক্রম সুচারুরূপে সম্পন্ন করার জন্য কমিশনের স্পেকট্রাম বিভাগ হতে "টেলিকম ই-বর্জ্য ব্যবস্থাপনা ও রিসাইক্লিং সিস্টেম সংক্রান্ত নির্দেশিকা" প্রণয়ন করত: গত ০৭/০৭/২০২২ তারিখে সর্বসাধারণের অনুসরণের জন্য জারি করা হয়েছে।

### বিটিআরসি ও অর্থ বিভাগের iBAS++ এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর (জুলাই ২০২২)

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের সেন্ট্রাল বায়োমেট্রিক ভেরিফিকেশন প্ল্যাটফর্ম (সিবিভিএমপি) সল্যুশনের সাথে অর্থ বিভাগ হতে বাস্তবায়নাধীন "সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস)" শীর্ষক কর্মসূচির আওতায় প্রণীত Integrated Budget and Accounting System (iBAS++) এর ইন্ট্রিগ্রেশনের জন্য একটি একটি সমঝোতা স্মারক চুক্তি অনুষ্ঠিত হয়েছে। বিটিআরসির প্রধান সম্মেলন কক্ষে গত ২৪/০৭/২০২২ তারিখ কমিশনের চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সমঝোতা স্মারক অনুষ্ঠানে বিটিআরসি'র সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগে: জেনা: মো: নাসিম পারভেজ এবং অর্থ বিভাগের অতিরিক্ত সচিব বেগম নাজমা মোবারক স্ব স্ব প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন ।



চিত্র-১: বিটিআরসি ও অর্থ বিভাগের iBAS++ এর মধ্যকার সমঝোতা স্মারক সাক্ষর।


সমঝোতা অনুযায়ী অর্থ বিভাগের আওতাধীন স্ট্রেনদেনিং পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রাম টু এনাল সার্ভিস ডেলিভারি (এসপিএফএমএস-SPMFS) প্রোগ্রামের আওতায়ভূক্ত G2P পদ্ধতিতে বিভিন্ন উপকারভোগীর মোবাইল এ্যাকাউন্টে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে সরাসরি অর্থ প্রেরণের জন্য গ্রাহকের জাতীয় পরিচয়পত্রের সাথে নিবন্ধনকৃত মোবাইল নম্বর যাচাই করতে বিটিআরসি'র সিবিভিএমপির সাথে iBAS++ এর ইন্টিগ্রেশন করা হবে। এছাড়াও, iBAS++ এর মাধ্যমে দ্রুততম সময়ের মধ্যে বিভিন্ন উপকারভোগীর (করোনায় ক্ষতিগ্রস্ত উপকারভোগী, সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগী, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন, পেনশনারদের পেনশন, সরকারি কর্মচারীদের বেতন ইত্যাদি) মোবাইল এ্যাকাউন্টে EFT এর মাধ্যমে সরাসরি নির্ভুলভাবে অর্থ প্রেরণের জন্য গ্রাহকের এনআইডির সাথে নিবন্ধনকৃত মোবাইল নম্বর যাচাই করা হবে।

### আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ চালুকরণ (এপ্রিল ২০২২)

গ্রাহক স্বার্থ বিবেচনা করে মোবাইল অপারেটর কর্তৃক ২৮/০৪/২০২২ তারিখে আনলিমিটেড (মেয়াদবিহীন) ডাটা প্যাকেজ এবং নিরবচ্ছিন্ন মাসিক ইন্টারনেট প্যাকেজ চালু করা হয়েছে। নতুন মেয়াদহীন ডাটা প্যাকেজ সমূহ গ্রাহককে ডাটা ব্যবহারের ক্ষেত্রে অধিকতর স্বাধীনতা প্রদান করবে। এ ধরণের প্যাকেজের ডাটা ব্যবহার করার জন্য এক বছর সময় থাকবে বিধায় ডাটা ক্যারি ফরওয়ার্ড করার প্রয়োজন হবে না এবং মেয়াদ না থাকায় গ্রাহকগণ অধিকতর স্বাধীনভাবে (নিজস্ব সময়, পরিকল্পনা এবং প্রয়োজন অনুযায়ী) ডাটা ব্যবহার করতে পারবে। এছাড়া নতুন মাসিক ইন্টারনেট প্যাকেজ ব্যবহার করে একজন গ্রাহক নিরবিচ্ছিন্নভাবে সারা মাস দৈনিক নির্ধারিত সর্বোচ্চ সীমার দাটা ব্যবহার করে ইন্টারনেট এ সংযুক্ত থাকতে পারবে।

### নিলামের মাধ্যমে তরঙ্গ বরাদ্দ (মার্চ ২০২২)

বিটিআরসি কর্তৃক ২০২২ সালের মার্চ মাসে মোবাইল সেবাদাতা প্রতিষ্ঠানগুলোকে এ যাবৎকালের সবচেয়ে বেশি ১৯০ মেগাহার্টজ তরঙ্গ বরাদ্দ দেয়া হয়েছে। এতে সরকারের আয় হয়েছে ১০ হাজার ৬৪৫ কোটি টাকা।




চিত্র-২: **অপারেটর ভিত্তিক** তরঙ্গ বরাদ্দের পরিমান।

### ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ প্রদানে সুশৃঙ্খল পরিবেশ তৈরির লক্ষ্যে নির্দেশিকা প্রণীত (মার্চ ২০২২)

গ্রাহকদের সুবিধার্থে এবং স্বার্থ রক্ষার্থে বিটিআরসি কর্তৃক মোবাইল অপারেটরসমূহের মাধ্যমে পরিচালিত ডাটা সংশ্লিষ্ট (ডাটার সাথে ভয়েস, এসএমএস, হ্যান্ডসেট এবং বিভিন্ন কম্বিনেশন্স) বিভিন্ন প্যাকেজ প্রদানে সুশৃঙ্খল পরিবেশ তৈরির লক্ষ্যে একটি সময়োপযোগি নির্দেশিকা প্রণীত হয়েছে।

## Social Obligation Fund (SoF) তহবিলের আওতায় বিভিন্ন প্রকল্প (ফেব্রুয়ারী ২০২২)

বিটিআরসি সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে Social Obligation Fund (SoF) তহবিলের আওতায় বিভিন্ন প্রকল্প হাতে নিয়েছে। প্রকল্পের অংশ হিসেবে ৭টি সামাজিক খাতে অর্থায়ন করেছে। সকল প্রাথমিক বিদ্যালয়কে ডিজিটালাইজড করা, প্রত্যন্ত অঞ্চল বিশেষ করে হাওর, পাহাড়ি অঞ্চলকে টেলিযোগাযোগ খাতের আওতায় আনা, বঙ্গবন্ধু স্যাটেলাইটের সেবা শতভাগ নিশ্চিত করা ও দ্রুতগতির ইন্টারনেট সেবা নিশ্চিতকরন সহ তথ্য প্রযুক্তির বিভিন্ন উন্নয়নের জন্য এই প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে।

টেবিল-১: SoF তহবিলের আওতায় বাস্তবায়িতব্য বিভিন্ন প্রকল্পের বিস্তারিত।

| দপ্তর/ সংস্থার নাম | প্রকল্পের নাম | প্রকল্পের মেয়াদ | প্রকল্পের প্রাক্কলিত ব্যয় (কোটি টাকা) | প্রকল্পের কার্যপরিধি/ আওতাভুক্ত জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকাসমূহে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন (কানেক্টেড বাংলাদেশ) | ০১ জুলাই ২০১৮-৩১ ডিসেম্বর ২০২৩ | ৫০৪.৪৩ | হবিগনঞ্জ, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, পাবনা, বগুড়া, সিরাজগঞ্জ, রংপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা, ঠাকুরগাঁও, দিনাজপুর, লালমনিরহাট, খুলনা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, নড়াইল, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, বরিশাল, পটুয়াখালী, ভোলা, বরগুনা, পিরোজপুর, ঝালকাঠি, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, নরসিংদী, নারায়ণগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, লক্ষীপুর, ব্রাক্ষনবাড়িয়া, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, জামালপুর, নেত্রকোনা, ময়মনসিংহ, শেরপুর, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ। |
| বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | স্যাটেলাইট-এর মাধ্যমে দ্বীপ এলাকায় নেটওয়ার্ক স্থাপন | ০১ অক্টোবর ২০১৮-৩১ ডিসেম্বর ২০২২ | ৪৪৪৪.০০ | বরিশাল, পটুয়াখালী, ভোলা, পিরোজপুর, চাঁদপুর, নোয়াখালী, রাঙ্গামাটি এবং কক্সবাজার। |
| টেলিটক বাংলাদেশ লিমিটেড | হাওর ও দ্বীপাঞ্চলে উচ্চ গতির মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন | ০১ ফেব্রুয়ারী ২০১৯-৩১ মার্চ ২০২২ | ৩৭৯.৮৭ | হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, নেত্রকোনা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, রাজবাড়ী, শরীয়তপুর, গোপালগঞ্জ, কুমিল্লা, টাঙ্গাইল, মানিকগঞ্জ, মাদারীপুর, ব্রাহ্মণাড়িয়া, বাগেরহাট, নড়াইল, খুলনা, চাঁদপুর, চট্টগ্রাম, নোয়াখালি, কক্সবাজার, কুড়িগ্রাম, লালমনিরহাট, রংপুর, পঞ্চগড়, নওগাঁ, নাটোর, পাবনা। |
| বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড | হাওর ও বাওর প্রত্যন্ত অঞ্চলের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জন্য টেলিযোগাযোগ সুবিধা (Broadband Wi-Fi) সম্প্রসারণ | ০১ এপ্রিল ২০২০-৩০ জুন ২০২৩ | ৪৪৯.৯১ | সমগ্র বাংলাদেশ (৬৪ টি জেলা) |
| বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড | বাংলাদেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বঙ্গাবন্ধু স্যাটেলাইট-১-এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন | ০১ জুলাই ২০২০ - ৩০ জুন ২০২৩ | ৪৪.২৪৬৫ | চট্টগ্রাম, চাঁদপুর, নোয়াখালী, বান্দরবান |

| | | | | |
|---|---|---|---|---|
| টেলিযোগাযোগ অধিদপ্তর | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ | ০৪ আগস্ট ২০২০ - ৩১ জানুয়ারী ২০২৩ | ৮৩.২৫ | সমগ্র বাংলাদেশ (৬৪ টি জেলা) |
| টেলিটক বাংলাদেশ লিমিটেড | উপকূলীয়, পার্বত্য ও অন্যান্য দুর্গম এলাকায় টেলিটকের মোবাইল ব্রডব্যান্ড নেটওয়ার্ক সম্প্রসারণ | ০১ ডিসেম্বর ২০২১ -৩০ নভেম্বর ২০২৩ | ৫১৯.৯৩ | নেত্রকোনা, কিশোরগঞ্জ, সুনামগঞ্জ, হবিগঞ্জ, সিলেট, ব্রাহ্মণবাড়িয়া, খাগড়াছড়ি, রাঙামাটি,বান্দরবান, সাতক্ষীরা,বাগেরহাট, খুলনা, কক্সবাজার, নোয়াখালি, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, ভোলা, শরীয়তপুর, চাঁদপুর, লালমনিরহাট, টাঙ্গাইল |

### আন্তর্জাতিক কল টার্মিনেশন রেট নির্ধারণ (ফেব্রুয়ারী ২০২২)

বহিঃবিশ্ব থেকে ডায়াল করা ভয়েস কলসমূহ বাংলাদেশে টার্মিনেশন এ স্বচ্ছতা এবং সরকারের রাজস্ব আদায় নিশ্চিত করার লক্ষ্যে ২০০৮ সাল হতে বিটিআরসির কর্তৃক International Gateway (IGW) লাইসেন্স প্রদান করা হয়। বাজার ব্যবস্থা বিশ্লেষণ করে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন সময়ে IGW লাইসেন্সীদের জন্য ইনকামিং কল টার্মিনেশন রেট নির্ধারণ করা হয়। মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আন্তর্জাতিক কল টার্মিনেশনের সর্বনিম্ন রেট ০.০০৪ মার্কিন ডলার/মিনিট গত ০২/০২/২০২২ তারিখে নির্ধারণ করা হয়েছে।

### বিটিআরসি কর্মচারী চাকুরী প্রবিধান (ফেব্রুয়ারী ২০২২)

বাংলাদেশ সরকারের মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রনালয় ০৩ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি: তারিখে এস,আর,ও, নং-৩৮-আইন/২০২২ এর মাধ্যমে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কর্মচারী চাকুরী প্রবিধানের প্রজ্ঞাপন জারি করা হয়। উক্ত অনুমোদিত প্রবিধানের বিপরীতে ২০২২ সালের মে মাস পর্যন্ত অনুমোদিত জনবল কাঠামো ৪৫৫ (চারশত পঞ্চান্ন) টি পদের বিপরীতে ৩৮২ (তিনশত বিরাশি) জন কর্মচারীকে বিভিন্ন পদে নিয়োগ দেয়া হয়।

### বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা প্রণয়ন (জানুয়ারি ২০২২)

দেশের ক্রমবর্ধমান টেলিযোগাযোগখাতকে আরও যুগোপযোগী করার লক্ষ্যে গত ০১/০১/২০০৪ তারিখে The Bangladesh Telecommunication Regulatory Commission (Licensing Procedure) Regulations, 2004 ইংরেজি ভাষায় প্রণয়ন করা হয়। বর্তমানে লাইসেন্সসমূহের ধরণে কিছুটা পরিবর্তন আসায় এবং কমিশন হতে নতুন লাইসেন্স ও রেজিস্ট্রেশন সার্টিফিকেটসমূহ প্রদান, নবায়নের প্রক্রিয়া জনসাধারণের নিকট সহজে বোধগম্য করার জন্য বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ (লাইসেন্স) প্রবিধানমালা, ২০২২ (এস.আর.ও নং-০৭-আইন/২০২২) বাংলা ভাষায় প্রণয়ন করা হয়েছে।

### NID এবং ১০ ডিজিটের Smart Card ID এর মধ্যে ম্যাপিং (জানুয়ারি ২০২২)


নিবন্ধনের মাধ্যমে নির্বাচন কমিশনে সংরক্ষিত তথ্য-উপাত্ত যাচাইয়ের লক্ষ্যে ১৭/০১/২০২২ তারিখে বাংলাদেশ নির্বাচন কমিশন, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) ও দেশের চারটি মোবাইল ফোন অপারেটরের এর মধ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষরিত হয়েছে। API এর মাধ্যমে নির্বাচন কমিশন হতে CBVMP সল্যুশনে রক্ষিত ১৭ ডিজিটের জাতীয় পরিচয়পত্র নম্বরের সাথে ১০ ডিজিটের জাতীয় পরিচয়পত্র নম্বর ম্যাপিং কার্যক্রম শুরু হয় এবং ১৮/০৫/২০২২ তারিখে এই ম্যাপিং এর প্রাথমিক ধাপ সম্পন্ন হয়। প্রাথমিক পর্যায়ের ম্যাপিং শেষে CBVMP সল্যুশনে রক্ষিত ১৭ ডিজিটের ৬,৩৩,২৪,৭৬০ জাতীয় পরিচয়পত্র নম্বরের সাথে ১০ ডিজিটের জাতীয় পরিচয়পত্র নম্বর ম্যাপিং করা হয়েছে।

## অর্জন ২০২১

### জাতীয় রাজস্ব আহরণ (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)

টেলিযোগাযোগ খাত বাংলাদেশে একটি দ্রুত সম্প্রসারণশীল এবং সম্ভাবনাময় খাত। বিটিআরসির নিরলস এবং চৌকস প্রচেষ্টার দরুণ জাতীয় রাজস্ব আহরণে টেলিযোগাযোগ খাত সর্বোচ্চ পরিমানে রাজস্ব প্রদানের মাধ্যমে জাতীয় অর্থনীতি সচল রাখতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। বাংলাদেশ সরকারের সকল নন-ট্যাক্স রেভিনিউ আদায়কারী সংস্থার মধ্যে বিটিআরসি সর্বোচ্চ রাজস্ব

আদায়কারী শাখা হিসাবে বিগত একযুগ ধরে অপ্রতিদ্বন্দ্বী প্রতিষ্ঠান হিসাবে সুনাম বজায় রেখে চলেছে।বিগত ২০০১-০২ অর্থ-বৎসর হতে ২০২০-২১ অর্থ-বৎসর পর্যন্ত সময়ে মোট ২০ বছরে বিভিন্ন টেলিযোগাযোগ লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের নিকট হতে ফিস ও চার্জ বাবদ বিটিআরসি মোট ৬৫,১৮৭.২৫ কোটি টাকা আদায় করে সরকারী কোষাগারে জমা প্রদান করেছে।





চিত্র-৩: বছর ভিত্তিক জাতীয় রাজস্ব আহরণ (২০১৬ থেকে ২০২১)।

## প্রশাসনিক জরিমানা (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)


২০১৬ থেকে ২০২১ সাল পর্যন্ত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক প্রশাসনিক জরিমানা বাবদ ৩২ কোটি ৯৩ লক্ষ ৯৯ হাজার ১১৬ টাকা আদায় হয়েছে।

## টেলিযোগাযোগ সেক্টরে শৃংখলা ও সুশাসন বজায় রাখতে বিটিআরসি'র ভূমিকা (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)

টেলিযোগাযোগ খাত বাংলাদেশে একটি দ্রুত সম্প্রসারণশীল এবং সম্ভাবনাময় খাত। বিটিআরসির নিরলস এবং চৌকস প্রচেষ্টার দরূণ জাতীয় রাজস্ব আহরণে টেলিযোগাযোগ খাত সর্বোচ্চ পরিমানে রাজস্ব প্রদানের মাধ্যমে জাতীয় অর্থনীতি সচল রাখতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। পাশাপাশি টেলিযোগাযোগ খাতের কলেবরও বৃদ্ধি পাচ্ছে বহুগুণে। বাংলাদেশের টেলিযোগাযোগ সেক্টরে শৃংখলা ও সুশাসন বজায় রাখতে এনফোর্সমন্টে এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট গুরুত্বপূর্ণ ও অর্থবহ ভূমিকা পালন করে চলেছে। দেশের অবৈধ টেলিকম যন্ত্রপাতি অপসারন, আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সহায়তায় বিভিন্ন অবৈধ টেলিকম যন্ত্রপাতি ব্যবসায়ীদের জরিমানা ও অবৈধ VoIP সিম উদ্ধারে বিটিআরসির এনফোর্সমন্টে এন্ড ইন্সপেকশন ডিরেক্টরেট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।




চিত্র-৪: বছর ভিত্তিক আরোপকৃত জরিমানার পরিমাণ (টাকায়)।




চিত্র-৫: জব্দকৃত সিমসমূহের বিপরীতে আরোপকৃত জরিমানার পরিমাণ (টাকায়)।


## Radiation পরিমাপ কার্যক্রম (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)

বিটিআরসির ইএন্ডও বিভাগ মানব দেহ এবং পরিবেশের উপর BTS এবং High Frequency'তে ব্যবহৃত বিভিন্ন যন্ত্রপাতি হতে ক্ষতিকারক EMF এর Exposure এর বিষয়ে গাইডলাইন প্রণয়ন এবং Radiation পরিমাপের কার্যক্রম পরিচালনা করছে।

### টেবিল-২: মোবাইল টাওয়ারের EMF Radiation পরিবীক্ষণের ফলাফল।

| Location | | Measured Value | ICNIRP Standard Value | Compliant |
|---|---|---|---|---|
| **District** | **Place** | **Watt/Sqr.m** | **Watt/Sqr.m** | **(Yes/No)** |
| Jamalpur | Dewan Para (College Road) | 0.01492 | 2.106 | Yes |
| Dhaka City | Banani | 0.054 | 2.106 | Yes |
| | Arambag (close to NDC) | 0.07497 | 2.106 | Yes |
| | Farmgate (Indera Road) | 0.08443 | 2.106 | Yes |
| | MohammadPur ( Razia Sulta Road) | 1.591 | 2.106 | Yes |
| | Nobaber bag (Close to Mirpur Zoo) | 0.03586 | 2.106 | Yes |
| | Mirpur-12, Bas Terminal | 0.083 | 2.106 | Yes |
| | Mirpur-2 (close to Stadium) | 0.595 | 2.106 | Yes |
| | Dhaka Cantonment (Nirjhor R/A) | 0.008 | 2.106 | Yes |
| | Dhaka Cantonment (Moinul Road) | 0.106 | 2.106 | Yes |
| | Dhaka Cantonment (Nirjhor R/A, Bivabori) IBS | 0.005 | 2.106 | Yes |
| | Dhaka Cantonment (Hazi Moshin) | 0.03 | 2.106 | Yes |
| Bagerhat | Boddomari (Nearest Sundarbans) | 0.0016 | 2.106 | Yes |
| | Joymoni (Nearest Sundarbans) | 0.0039 | 2.106 | Yes |
| Khulna | DC Office | 0.412 | 2.106 | Yes |
| | Khulna Medical College | 0.0446 | 2.106 | Yes |
| | Khulna University | 0.0242 | 2.106 | Yes |
| Jashore | JUST | 0.054 | 2.106 | Yes |
| | Jessore Sadar Hospital | 0.053 | 2.106 | Yes |
| | Jessore New Market | 0.068 | 2.106 | Yes |
| Chattogram | Chittagang Universirty | 0.0145 | 2.106 | Yes |
| | Hathazari | 0.023 | 2.106 | Yes |
| | 2nd Gate | 0.15 | 2.106 | Yes |


| | | | | |
|---|---|---|---|---|
| | Chittagang Medical College | 0.482 | 2.106 | Yes |
| | Green View Resindential Arera | 0.127 | 2.106 | Yes |
| | Wireless Gate | 0.031 | 2.106 | Yes |
| **Location** | | **Measured Value** | **ICNIRP Standard Value** | **Compliant** |
| **District** | **Place** | **Watt/Sqr.m** | **Watt/Sqr.m** | **(Yes/No)** |
| Feni | Feni Lalpole Area | 0.0554 | 2.106 | Yes |
| | Feni Police Line School & College | 0.137 | 2.106 | Yes |
| | Feni Sadar Hospital | 0.03 | 2.106 | Yes |
| Rajshahi | Rajshshi University | 0.064 | 2.106 | Yes |
| | Saheb Bazar | 0.117 | 2.106 | Yes |
| | Lokkhipur Crossing | 0.122 | 2.106 | Yes |
| | Rajshahi Medical College | 0.013 | 2.106 | Yes |
| | Padma Residential Area | 0.032 | 2.106 | Yes |
| Rangpur | Lalbag (Close to Karmaikel college) | 0.02588 | 2.106 | Yes |
| | College Para | 0.02788 | 2.106 | Yes |
| | Medical Mor | 0.08472 | 2.106 | Yes |
| | Jahaj Company Mor | 0.06758 | 2.106 | Yes |
| | Kachari bazar (DC Office & Judge Court) | 0.007472 | 2.106 | Yes |
| | Rangpur zila School | 0.06269 | 2.106 | Yes |
| | Gomosta para | 0.01317 | 2.106 | Yes |
| | Tarminal | 0.007109 | 2.106 | Yes |
| Sylhet | Shahjalal Upshahar | 0.058 | 2.106 | Yes |
| | Darga Gate | 0.593 | 2.106 | Yes |
| | Akhalia, Surma Gate | 0.083 | 2.106 | Yes |
| | Tuker Bazar | 0.027 | 2.106 | Yes |
| | Ambarkhana | 0.045 | 2.106 | Yes |
| | SUST | 0.0482 | 2.106 | Yes |





চিত্র-৬: **EMF Rediation** পরিমাপ কার্যক্রম।

## SDG লক্ষ্যমাত্রা অর্জনে বিটিআরসি'র কার্যক্রম (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)

বিটিআরসি'র পদক্ষেপে ব্রডব্যান্ড সেবাপ্রাপ্তি সহজীকরণের মাধ্যমে দেশের আপামর জনগণের এই সেবা নেওয়া সম্ভপর হচ্ছে, যেটা SDG'র অন্যতম সূচক জনগণের আর্থিক সক্ষমতা অর্জনের পরোক্ষ নির্দেশক। বিটিআরসির পদক্ষেপে শহরের পাশাপাশি এখন প্রান্তিক অঞ্চলেও মোবাইল টাওয়ার এবং অপটিক্যাল ফাইবার সংযোগ স্থাপিত হয়েছে বিধায় সমগ্র বাংলাদেশ ২জি, ৩জি ও ৪জি নেটওয়ার্কের আওতায় আসছে। অপরদিকে স্মার্টফোনের সহজলভ্যতার জন্য প্রান্তিক পর্যায়ের মানুষও স্মার্টফোন ব্যবহার করছে এবং উক্ত স্মার্টফোনে বিভিন্ন কৃষিভিত্তিক অ্যাপস ও টেকনোলজি ব্যবহার করছে, যার ফলে কৃষকরা ঘরে বসেই বিভিন্ন কৃষিভিত্তিক সেবা পাচ্ছে যা SDG এর টেকসই কৃষির প্রসার লক্ষ্যমাত্রা অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।





চিত্র-৭: ১১২.১৩ মিলিয়ন যাচাইকারীর বায়োমেট্রিক যাচাইকরণ সমাপ্ত।




চিত্র-৮: SDG লক্ষ্যমাত্রা অর্জনে বিটিআরসি'র কার্যক্রম ।

## বিভিন্ন ক্যাটাগরির লাইসেন্স প্রদান (জানুয়ারী ২০১৬-ডিসেম্বর ২০২১)

গ্রাহকদের স্বার্থ রক্ষায় আধুনিক প্রযুক্তি ব্যবহার করে স্বল্পমূল্যে আন্তর্জাতিক টেলিযোগাযোগ সুবিধা প্রদান এবং টেলিযোগাযোগ খাতে স্থানীয় উদ্যোক্তাদেরকে উৎসাহিত করার লক্ষ্যে সরকারের পূর্বানুমোদনক্রমে এ পর্যন্ত ২৯টি ক্যাটাগরির ৩৪৬৫ টি লাইসেন্স প্রদান করা হয়।




চিত্র-৯: লাইসেন্স প্রদানের হার।

### অনলাইন ভিত্তিক টেলিভিশন (আইপি-টিভি) পরিচালনার অনাপত্তি প্রদান (নভেম্বর ২০২১)

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে বিগত ০৭/১১/২০২১ তারিখে প্রথমবারের মত ১৪টি প্রতিষ্ঠানকে অনলাইন ভিত্তিক টেলিভিশন (আইপি-টিভি) পরিচালনা করার নিমিত্ত শর্ত সাপেক্ষে নিবন্ধণ করা হয়। 'বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০১০' এবং 'ডিজিটাল সিকিউরিটি আইন ২০১৮' সমূহের ধারা মোতাবেক রাষ্ট্রীয় নিরাপত্তা বা ভবিষ্যতে ডোমেইন বন্ধ বিবেচনা করে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে অনলাইন ভিত্তিক টেলিভিশন (আইপি-টিভি) হিসাবে নিবন্ধিত সকল প্রতিষ্ঠানকে শর্তসাপেক্ষে বিটিআরসি হতে অনাপত্তি/এনওসি প্রদান করা হচ্ছে।

### বাংলাদেশের পক্ষে SATRC-এর চেয়ারম্যান হিসেবে নির্বাচিত (নভেম্বর ২০২১)

বাংলাদেশের পক্ষে বিটিআরসি'র চেয়ারম্যান ২০২৩ সালের জন্য South Asian Telecommunication Regulator's Council (SATRC) এর চেয়ারম্যান হিসেবে মনোনীত হয়েছেন।

### Text এর মাধ্যমে Facebook, Messenger ও Discover অ্যাপ চালুকরণ (নভেম্বর ২০২১)

মোবাইল ডাটা প্যাকেজ নির্দেশিকা গত ০৯/১১/২০২১ তারিখে উদ্বোধন করা হয়েছে। একইসাথে শুধুমাত্র Text এর মাধ্যমে Facebook, Messenger ও Discover অ্যাপ এর ব্যবহার উদ্বোধন করা হয়েছে। এই সেবার মাধ্যমে গ্রাহক ডাটা ব্যবহার করা অবস্থায় ডাটা শেষ হয়ে গেলে শুধুমাত্র Text এর মাধ্যমে Facebook ও Messenger এ যুক্ত হতে পারবে। একইভাবে ডাটা ব্যবহার করা অবস্থায় ডাটা শেষ হয়ে গেলে শুধুমাত্র Text এর মাধ্যমে Discover অ্যাপ দ্বারা গুরুত্বপূর্ণ ওয়েবসাইট ব্রাউজ করতে পারবে।

### "ডিজিটাল নিরাপত্তা সেল" গঠন (অক্টোবর ২০২১)

সামাজিক যোগাযোগ মাধ্যমে সরকার বিরোধী, রাষ্ট্রবিরোধী, সামাজিক মূল্যবোধ বিরোধী, স্পর্শকাতর রাজনৈতিক, পর্ণগ্রাফিক কনটেন্ট, অনলাইন গেমিং, অনলাইন বেটিং বা জুয়া খেলা, সাংস্কৃতিক কিংবা ধর্মীয় বিষয়ে উস্কানীমূলক ও উগ্রবাদী কন্টেন্টসহ বিভিন্নরকম আপত্তিকর কনটেন্ট সনাক্তকরণ সহ সোশ্যাল মিডিয়া মনিটরিং কার্যক্রম পরিচালনার জন্য বিটিআরসি'র নিজস্ব জনবলের মাধ্যমে **"ডিজিটাল নিরাপত্তা সেল"** গঠন করা হয়েছে। উক্ত নিরাপত্তা সেল গঠন এর মাধ্যমে দেশের টেলিযোগাযোগ খাতের সামগ্রিক নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে।

### বিভিন্ন প্যাকেজ সংক্রান্ত ডিরেক্টিভস চালু (সেপ্টেম্বর ২০২১)

সেলুলার মোবাইল ফোন অপারেটরদের ডাটা এবং ডাটা সংশ্লিষ্ট বিভিন্ন প্যাকেজ সংক্রান্ত ডিরেক্টিভস কমিশন হতে গত ০৯/০৯/২০২১ তারিখে চালু করা হয়। উক্ত সেবা চালুর মাধ্যমে অনেকটাই দেশের প্রান্তিক পর্যায়ে ডাটা ব্যবহার নিশ্চিত করা হয়।

### ISP ব্রডব্যান্ড ইন্টারনেট ট্যারিফ প্রদান (সেপ্টেম্বর ২০২১)

বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন এবং ডিজিটাল বাংলাদেশের সুফল পৌছে দিতে ব্রডব্যান্ডের সহজলভ্যতা এবং সহনীয় মূল্য নির্ধারণকে বিবেচনা করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনা মোতাবেক বিটিআরসি সারাদেশে ব্রডব্যান্ড ইন্টারনেট ট্যারিফ নির্ধারণ করে, যা ১/০৯/২০২১ তারিখ হতে কার্যকর হয়েছে।

### টেলিকম মনিটরিং সিস্টেম স্থাপন (আগস্ট ২০২১)

টেলিযোগাযোগ খাতের নিরাপত্তা ও লাইসেন্সধারী অপারেটরদের দায়বদ্ধতা নিশ্চিতকরণের লক্ষ্যে বিটিআরসিতে ইতোমধ্যেই একটি স্বয়ংক্রিয় ডিজিটাল ব্যবস্থা (Telecom monitoring System, TMS) স্থাপন করা হয়েছে। এই রেগুলেটরি মনিটরিং ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে তথ্য সংগ্রহ এবং রিপোর্টিং প্রক্রিয়া স্বয়ংক্রিয় হয়েছে। এতে করে লাইসেন্সধারীদের (প্রাথমিকভাবে মোবাইল অপারেটরদের) প্রয়োজনীয় সকল তথ্য বাস্তব সময়ে (real time) পর্যবেক্ষণ করা যাচ্ছে।

### এনটিটিএন-দের ট্যারিফ প্রদান (আগষ্ট ২০২১)

সরকারের 'নির্বাচনী ইশতেহার ২০১৮' এর প্রতিশ্রুতি- "ইন্টারনেট ও মোবাইল ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনা হবে" বাস্তবায়নের জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে লাইসেন্সধারী প্রতিষ্ঠান ও সংস্থাদের সাথে আলোচনার মাধ্যমে সকল পক্ষের সম্মতিতে এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে ইন্টারনেট সেবা প্রদানে বেসরকারী NTTN-দের জন্য কমিশনকর্তৃক বিগত ১৪/ ০৮/২০২১ তারিখে ট্যারিফ প্রণয়ন করা হয়। ট্যারিফের সহিত গ্রাহক সেবা ও সেবার মান নিশ্চিতে প্রয়োজনীয় 'Penalty' শর্ত সহ Quality of Service & Experience-কে বিবেচনায় নিয়ে প্রতিটি সেবার মানদন্ড নির্ধারণে 'Grade of Service (GoS)' প্রদান করা হয়েছে। ট্যারিফটি ইতোমধ্যে বিগত ১/০৯/২০২১ তারিখ হতে কার্যকর হয়েছে।

### বেসরকারী IIG-দের ট্যারিফ প্রদান (আগষ্ট ২০২১)

সরকারের 'নির্বাচনী ইশতেহার ২০১৮' এর প্রতিশ্রুতি- "ইন্টারনেট ও মোবাইল ব্যবহারের মূল্য যুক্তিসঙ্গত পর্যায়ে নামিয়ে আনা হবে" বাস্তবায়নের জন্য একটি বাস্তবসম্মত এবং গ্রাহক বান্ধব ইন্টারনেট ট্যারিফ প্রণয়নে লাইসেন্সধারী প্রতিষ্ঠান ও সংস্থাদের সাথে আলোচনার মাধ্যমে সকল পক্ষের সম্মতিতে এবং ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে ইন্টারনেট সেবা প্রদানে বেসরকারী IIG-দের জন্য কমিশনকর্তৃক বিগত ১৪/০৮/২০২১ তারিখে ট্যারিফ প্রণয়ন করা হয়।

### গণশুনানি (আগস্ট ২০২১)

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন ২০১০ এর ধারা ৮৭(১) অনুযায়ী যথাযথ নিয়ম পদ্ধতি অনুসরণ করে গণশুনানি আয়োজন করা হয়ে থাকে। কোভিড-১৯ অতিমারির কারণে ২০২১ সালে গণশুনানি অনলাইন প্ল্যাটফর্ম জুমে আয়োজন করা হয়েছে যা বিটিআরসির ইতিহাসে প্রথম। "টেলিযোগাযোগ সেবা ও নিয়ন্ত্রক সংস্থার কার্যক্রম" শীর্ষক গণশুনানি ২২/০৮/২০২১ তারিখে অনলাইন প্লাটফর্ম জুমে অনুষ্ঠিত হয় এবং একইসাথে ফেসবুকে লাইভ সম্প্রচার করা হয়।

### NEIR সেবা চালুকরণ (জুলাই ২০২১)

দেশের তথ্য নিরাপত্তা ও সরকারের রাজস্ব আদায়কে ত্বরান্বিত করার লক্ষ্যে ২০২১ সালের জুলাই মাসে দেশের সকল অফিশিয়াল ফোনের ডাটাবেইজ NEIR (National Equipment Identity Register) চালু করা হয়। দেশের ব্যবহৃত অবৈধ ফোন সনাক্ত এবং সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা NEIR সেবা করণের মাধ্যমে সম্ভব হয়েছে।

### 'একদেশ একরেট' চালুকরণ (জুন ২০২১)


২০২১ সালের ৬ জুন বিটিআরসি কর্তৃক 'একদেশ একরেট' ঘোষণার মাধ্যমে সারাদেশে ইন্টারনেট ব্যবহারের মূল্য ৭০-৮০% কমানো হয়েছে এবং শহর ও গ্রামের মানুষের মধ্যে ব্যবহার বৈষম্য দূর হয়েছে। এরই মাধ্যমে গ্রাহককে প্রান্তিক পর্যায় থেকে দেশের সর্বত্র পর্যায়ে ৫ এমবিপিএস সর্বোচ্চ ৫০০ টাকা, ১০ এমবিপিএস সর্বোচ্চ ৮০০ টাকা এবং ২০ এমবিপিএস নিতে সর্বোচ্চ এক হাজার ২০০ টাকা খরচ করতে হয়, যা অবাধ তথ্য প্রবাহের মাইলফলক অর্জনের এক অনন্য অর্জন।





চিত্র-১০: 'একদেশ একরেট' **কার্যক্রম** চালুকরণ।

## দেশি ও আন্তর্জাতিক ব্র্যান্ডের মোবাইল উৎপাদন/ সংযোজন কারখানা (জুন ২০২১)

বিটিআরসি'র পদক্ষেপে বাংলাদেশে দেশি ও আন্তর্জাতিক ব্র্যান্ডের মোবাইল উৎপাদন/ সংযোজন কারখানা প্রতিষ্ঠিত হচ্ছে। এরই ফলশ্রুতিতে উক্ত প্রতিষ্ঠানসমূহে কর্মসংস্থান বৃদ্ধির পাশাপাশি মোবাইল ফোন সহজলভ্য হচ্ছে। বিটিআরসির কর্যকরি পদক্ষেপের কারণে  বাংলাদেশে ১৩ টি মোবাইল ফোন সংযোজন/উৎপাদন প্রতিষ্ঠান তাদের কারখানা স্থাপন করেছে এবং প্রায় শতাধিক প্রতিষ্ঠান মোবাইল ফোন হ্যান্ডসেট আমদানি করছে। ২০২০-২১ অর্থ বছরে প্রায় ২,৬০,৯১,৯৮৪ টি মোবাইল ফোন সংযোজন/উৎপাদন করা হয়েছে এবং ১,৫১,৬৬,৩৫৪ মোবাইল ফোন আমদানি করা হয়েছে, যার ফলে বাংলাদেশের জনগণ স্বল্প ব্যয়ে মোবাইল ফোন ক্রয় করতে পারছে।




চিত্র-১১: মোবাইল ফোন হ্যান্ডসেটের তথ্য (আমদানিকৃত)।




চিত্র-১২: মোবাইল ফোন হ্যান্ডসেটের তথ্য (স্থানীয়ভাবে উৎপাদিত)।

### 'গ্রাহক সেবা কর্নার' চালু (জুন ২০২১)

বিটিআরসি বিভিন্ন সময়ে গ্রাহকদের জন্য বিভিন্ন ধরনের সেবা চালু করলেও সম্প্রতি জনগণকে সকল সেবার গ্রহণ পদ্ধতি সহজে একত্রে অবহিত করার জন্য নিজ ওয়েব সাইটে 'গ্রাহক সেবা কর্নার' চালু করেছে (http://www.btrc.gov.bd/customer-care-corner)। এছাড়াও গ্রাহক টেলিযোগাযোগ সেবা সংক্রান্ত যে কোন তথ্য জানার জন্য বা অভিযোগ প্রদানের জন্য যেকোন বাংলাদেশি মোবাইল নম্বর থেকে 100 ডায়াল করে সেবাটি গ্রহণ করতে পারবে।

### A2P এসএমএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি (মে ২০২১)

এপ্লিকেশন টু পারসন (A2P) এসএমএস সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের (এসএমএস এগ্রিগেটর) তালিকাভুক্তির নির্দেশনা গত ৩০শে মে, ২০২১খ্রিঃ তারিখে প্রদান করা হয়। উক্ত নির্দেশিকার আলোকে গত ২৬/০৮/২০২১ খ্রিঃ তারিখ থেকে A2P এসএমএস এগ্রিগেটর তালিকাভুক্তির সনদ প্রদান করে আসছে। A2P এসএমএস এগ্রিগেটর তালিকাভুক্তির ফলে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন তথা সরকার নন-ট্যাক্স রেভিনিউ শেয়ারিং আহরন করতে পারবে। বিভিন্ন ধরনের ফি যেমন: আবেদন ফি, নবায়ন ফি, রেভিনিউ শেয়ারিং, প্রশাসনিক জরিমানা, বিলম্ব ফি ও সামাজিক দায়বদ্ধতা তহবিল বাবদ প্রাপ্ত অর্থ যা বাংলাদেশের অর্থনীতিতে অবদান রাখবে।

### WSIS Prizes 2021 'Winner' খেতাব অর্জন ( এপ্রিল ২০২১)


উন্নয়নশীল বিশ্বে ইন্টারনেট 'Accessibility' বৃদ্ধি করে দরিদ্র ও ধনী দেশগুলির মাঝে ডিজিটাল বিভাজন দূর করার মহৎ উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে জাতি সংঘের পৃষ্ঠপোষকতায় World Summit on the Information Society (WSIS) কার্যক্রম পরিচালনা করে আসছে। WSIS Prizes 2021 প্রতিযোগীতায় বিটিআরসি'র "Central Biometric Verification Monitoring Platform (CBVMP)" প্রকল্পটি Action Line C5 ক্যাটাগরিতে 'Winner' খেতাব অর্জন করেছে।

### Do Not Disturb (DND) সেবা চালু (এপ্রিল ২০২১)

মোবাইল অপারেটর সমূহ বিভিন্ন প্রোডাক্ট এবং সার্ভিসের প্রচারণা কাজে প্রমোশনাল এসএমএস প্রদান করে থাকে। অনেক ক্ষেত্রে গ্রাহকগনের নিকট প্রমোশনাল এসএমএস প্রাপ্তি বিরক্তিকর বলে প্রতীয়মান হয়। এক্ষেত্রে গ্রাহকগণ Do Not Disturb (DND) সেবা চালু করে মোবাইল অপারেটরসমূহের নিজস্ব প্রমোশনাল এসএমএস প্রাপ্তি বন্ধ করতে পারবেন। বিটিআরসি হতে মোবাইল অপারেটর সমূহকে প্রতি মাসে অন্ততঃ একবার Do Not Disturb (DND) সেবা চালুকরণ সংক্রান্ত এসএমএস প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে যাতে, করে গ্রাহকগণ সহজেই DND সেবা গ্রহণ করতে পারেন।

### ১৮০০/ ২১০০ মেগাহার্জ ব্যান্ড নিলাম (মার্চ ২০২১)

একটি প্রতিযোগিতামূলক নিলাম অনুষ্ঠানের মধ্য দিয়ে গত ০৮/০৩/২০২১ ইং তারিখে ১৮০০ মেগাহার্জ ব্যান্ড থেকে ৭.৪ মেগাহার্জ ও ২১০০ মেগাহার্জ ব্যান্ড থেকে ২০ মেগাহার্জ তরঙ্গ ৫ বছর ৭ মাস ০২ দিনের জন্য গ্রামীনফোন, রবি ও বাংলালিংকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। নিলামে নির্ধারিত মূল্য অনুযায়ী ১৫ বছরের জন্য এই তরঙ্গের মূল্য ভ্যাট সহ ৯৬৫.৫১ মিলিয়ন মার্কিন ডলার, বাংলাদেশী টাকায় যার পরিমাণ ৮,১৮৭.৫৩/- কোটি টাকা। ২জি লাইসেন্স মেয়াদে অর্থাৎ এই তরঙ্গ ৫ বছর ৭ মাস ০২ দিনের জন্য বরাদ্দ দেওয়া হয়েছে বিধায় ৭.৫% ভ্যাট সহ তরঙ্গের মূল্য বাবদ প্রকৃত আয় ৩০৫২.১৯ (তিন হাজার বায়ান্ন দশমিক এক নয়) কোটি টাকা।




চিত্র-১৩: **অপারেটর ভিত্তিক** তরঙ্গ বরাদ্দের পরিমান।

### বাংলা এসএমএস সেবা চালু (ফেব্রুয়ারি ২০২১)

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২১ উপলক্ষ্যে অর্ধেক খরচে গত ২০ ফেব্রুয়ারি ২০২১ তারিখে বিটিআরসি কর্তৃক বাংলা এসএমএস সেবা চালু করা হয়েছে। বিশ্বের ৩৫ কোটি মানুষ বাংলায় কথা বলে এবং ভাষার ক্ষেত্রে বাংলা চতুর্থ মাতৃভাষা। আমদানিকৃত ও দেশে উৎপাদিত সকল মোবাইল ফোনে বাংলার ব্যবহার সুবিধা চালু এবং প্রত্যেক স্মার্টফোনে বিল্ট ইন বাংলা সফটওয়্যার রাখার ক্ষেত্রেও বিটিআরসি দৃশ্যমান উদ্যেগ গ্রহন করেছে।

### CBVMP ইস্যুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্ত বিভাগ ও বিটিআরসি'র মধ্যে সমঝোতা স্মারক (ফেব্রুয়ারি ২০২১)

সেন্ট্রাল বায়োমেট্রিক ভেরিফিকেশন মনিটরিং প্লাটফর্ম (CBVMP) ব্যবহার নিয়ে গত ৭/০২/২০২১ তারিখে বিটিআরসি ও বিসিসি এর মধ্যে একটি সমঝোতা স্মারক সই হয়েছে। উক্ত সমঝোতা স্মারক অনুযায়ী বিটিআরসির সেন্ট্রাল বায়োমেট্রিক ভেরিফিকেশন মনিটরিং প্লাটফর্ম সল্যুশনটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইসিটি বিভাগ এবং নির্বাচন কমিশনের সহযোগিতায় বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার (BNDA) এর Service bus এর মাধ্যমে বিকশিত "পরিচয়" শীর্ষক ডিজিটাল পরিষেবার সক্ষমতা বৃদ্ধি করতে ব্যবহৃত হবে।

## অর্জন ২০২০

### কোভিড-১৯ অতিমারির সময়ে জনসচেতনা বৃদ্ধিতে বিটিআরসি'র কার্যক্রম (জানুয়ারী ২০২০-ডিসেম্বর ২০২১)

কোভিড-১৯ অতিমারির সময়েও জনসচেতনা বৃদ্ধিতে বিটিআরসি অনন্য অবদান রেখেছে।দেশের মোবাইল অপারেটর কর্তৃক কলার টিউন হিসেবে কোভিড-১৯ বিষয়ে বাংলা ভাষা স্বাস্থ্যবার্তা শোনানোর ব্যবস্থা করা হয়েছে। মোবাইল অপারেটরদের মাধ্যমে, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর সংস্থা হতে কোভিড-১৯ বিষয় জনসচেতনতামূলক ক্ষুদেবার্তা প্রচারের ব্যবস্থা করা হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর, আইইডিসিআর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিআইডব্লিউটিএ ও এটুআই সহ বিভিন্ন দপ্তরের এরূপ ১১টি ক্ষুদেবার্তা প্রায় ২০কোটি ৯৮ লক্ষ ৫৬ হাজার ৩৪২টি মোবাইল নম্বরে প্রেরণ করা হয়েছে।

### ল্যান্ডিং রাইটস্ ফর ব্রডকাস্টিং স্যাটেলাইট সার্ভিস ইন বাংলাদেশ গাইডলাইনট প্রকাশিত (আগষ্ট ২০২০)

'রেগুলেটরি গাইডলাইন অন ল্যান্ডিং রাইটস্ ফর ব্রডকাস্টিং স্যাটেলাইট সার্ভিস ইন বাংলাদেশ' শীর্ষক গাইডলাইনটি বিটিআরসি কর্তৃক গত ১৯/০৮/২০২০ ইং তারিখে প্রকাশিত হয়। উক্ত গাইডলাইনের শর্তানুযায়ী বিদেশী চ্যানেলসমূহের বাংলাদেশে সম্প্রচারের নিমিত্ত আপলিংক ও ডাউনলিংক ব্রডকাস্টিং এর ক্ষেত্রে দেশি ও বিদেশি সকল স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহের মধ্যে লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণের লক্ষ্যে সকল বিদেশি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলসমূহকে বিটিআরসি হতে ল্যান্ডিং রাইটস অনুমোদন গ্রহন করতে হবে।

## অর্জন ২০১৯

### NOC Automation and IMEI Database (NAID) সিস্টেমটি পূর্ণাঙ্গরূপে চালু (আগষ্ট ২০১৯)

সরকারী রাজস্বের সুরক্ষা নিশ্চিত করা, বৈধভাবে মোবাইল ফোন আমদানি সহজীকরণ, আইএমইআই ডাটাবেজ প্রস্তুতকরণ ও সংরক্ষণের উদ্দেশ্যে বিটিআরসি'র কারিগরি সহযোগিতা ও সার্বিক তত্ত্বাবধানে এবং বাংলাদেশ মোবাইল ফোন ইম্পোর্টার্স এ্যাসোসিয়েশন (বিএমপিআইএ) এর আর্থিক সহায়তায় বিটিআরসিতে NOC Automation and IMEI Database (NAID) নামক একটি সিস্টেমটি গত ০১/০৮/২০১৯ ইং তারিখে পূর্ণাঙ্গরূপে চালু করা হয়।

### NOC Automation and IMEI Database (NAID) সিস্টেম স্থাপন (জানুয়ারি ২০১৯)

সরকারী রাজস্ব সুরক্ষা, বৈধভাবে মোবাইল ফোন আমদানী সহজীকরণ এবং IMEI ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণের স্বার্থে বিটিআরসিতে NOC Automation and IMEI Database (NAID) সিস্টেমটি স্থাপন করা হয়েছে। সিস্টেমটি স্থাপনের ক্ষেত্রে বিটিআরসি সার্বিক তত্ত্বাবধান ও কারিগরি সহযোগিতা প্রদান করেছে।

## অর্জন ২০১৮

### Mobile Number portability (MNP) সেবা চালু (অক্টোবর ২০১৮)

গ্রাহকের ব্যবহৃত যে কোন অপারেটর এর মোবাইল নম্বর অপরিবর্তিত রেখে অন্য কোন অপারেটরে সংযোগ স্থানান্তর করার প্রক্রিয়াকে Mobile Number portability (MNP) বলা হয়ে থাকে। টেলিযোগাযোগ সেবার অবকাঠামো উন্নয়ন, মোবাইল ফোন গ্রাহকদের সর্বোচ্চ সেবা প্রদান এবং মোবাইল ফোন অপারেটরদের মধ্যে স্বচ্ছ প্রতিযোগিতা বৃদ্ধির লক্ষ্যে বিটিআরসি ২০১৭ সালে এমএনপি সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ করে। এরই ধারাবাহিকতায় সরকার গত ০১ অক্টোবর,২০১৮ তারিখ হতে বাণিজ্যিকভাবে মোবাইল নাম্বার পোর্ট্যাবিলিটি (এমএনপি) সার্ভিস চালু করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে। সিদ্ধান্ত মোতাবেক Infozillion Teletalk BD নামক প্রতিষ্ঠানকে এমএনপি সেবা প্রদানের নিমিত্ত লাইসেন্স প্রদান করা হয়। বর্তমানে MNP সুবিধা গ্রহণ করে মোবাইল অপারেটর পরিবর্তন করে অন্য অপারেটরে আছে এমন সক্রিয় গ্রাহক সংখ্যা বর্তমানে মোট ৯,২০,০৪৭ জন।

### মোবাইল ফোন সেবার মূল্যহ্রাস (আগস্ট ২০১৮)

২০১৮ সালে বাংলাদেশে সেলুলার মোবাইল ফোনের লোকাল (দেশের অভ্যন্তরে) কলের ক্ষেত্রে অনুমোদিত কলরেট সর্বনিম্ন ০.৪৫ টাকা/মিনিট হতে সর্বোচ্চ ২.০০ টাকা/ মিনিট (অন-নেট এবং অফনেট উভয় ধরনের কলের ক্ষেত্রে) নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশে ২০০১ সালে গড় কলরেট ছিল ৯.৬০ টাকা যা গত দশ বছরে প্রায় ৮.৭৭ টাকা কমেছে। এই তথ্য যথেষ্ট আশাব্যাঞ্জক এবং আগামীতেও এই ধারা অব্যাহত থাকবে বলে আশা করা যায়। সর্বোচ্চ ১০ সেকেন্ড পালস চালু করায় মোবাইল গ্রাহকরা সাশ্রয়ী মূল্যে কথা বলতে পারছে।

### বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে উৎক্ষেপণ (মে ২০১৮)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সোনার বাংলা গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে বঙ্গবন্ধু তনয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এক অনন্য মাইল ফলক। যুক্তরাষ্ট্রের স্বনামধণ্য প্রতিষ্ঠান SpaceX এর ফ্যাসিলিটিতে Launch Campaign সম্পন্ন করার পর উৎক্ষেপণের জন্য ধার্যকৃত দিন-ক্ষণ অনুযায়ী গত ১১ মে ২০১৮ যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বিকাল ৪:১৪ মিনিট অর্থাৎ ১২ মে ২০১৮ বাংলাদেশ সময় ভোররাত ২:১৪ মিনিট-এ যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেপ ক্যানাভেরাল-এ অবস্থিত লঞ্চ প্যাড LC-39A থেকে Falcon 9 (Block 5) লঞ্চ ভেহিকেল এর মাধ্যমে বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ মহাকাশে নির্দিষ্ট কক্ষপথের উদ্দেশে যাত্রা শুরু করে। এরই মাধ্যমে ৫৭তম দেশ হিসেবে স্যাটেলাইটের অভিজাত ক্লাবে যুক্ত হয় বাংলাদেশের নাম।

### “টাওয়ার শেয়ারিং” গাইডলাইন (এপ্রিল ২০১৮)


টেলিযোগাযোগ খাতে অপারেটরদের খরচ হ্রাস ও প্রতিযোগিতা বৃদ্ধির জন্য বিটিআরসি কর্তৃক গত ০১ এপ্রিল ২০১৮ তারিখে “টাওয়ার শেয়ারিং” গাইডলাইন প্রণয়ন করা হয়।

### TVAS গাইডলাইন প্রণয়ন (মার্চ ২০১৮)

মোবাইল গ্রাহকগণের বিভিন্ন টেলিকম ভ্যালু অ্যাডেড সার্ভিস (TVAS) গ্রহনের ক্ষেত্রে প্রতারণা হলে রক্ষার জন্য কমিশন হতে গত মার্চ ২০১৮ সালে TVAS গাইডলাইন প্রণয়ন করা হয়েছে।

### ফোরজি (4G) তরঙ্গ বরাদ্দ (ফেব্রুয়ারি ২০১৮)

তরঙ্গ একটি অতি মূল্যবান ও সীমিত জাতীয় সম্পদ এবং এর সুষ্ঠু ও যথাযথ ব্যবহার খুবই জরুরী। তরঙ্গের যথাযথ ব্যবহার নিশ্চিত করার জন্য সুষ্ঠু তরঙ্গ ব্যবস্থাপনা এবং সময়োপযোগী তরঙ্গ পরিবীক্ষণ ব্যবস্থা-এ দুইটি বিষয় খুবই গুরুত্বপূর্ণ। দ্রুতগতির মোবাইল ইন্টারনেট সেবা জনগণের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে সরকার গত ১৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি: রাষ্ট্রায়ত্ত মোবাইল অপারেটর টেলিটক বাংলাদেশ লিঃ সহ দেশের ০৪ টি মোবাইল অপারেটরদের লাইসেন্স প্রদান করে। লাইসেন্স পাওয়ার পরবর্তীতে গ্রামীনফোন, রবি এবং বাংলালিংক দেশের কিছু নির্দিষ্ট এলাকায় ফোরজি সেবা চালু করে। উল্লেখ্য যে, বিটিআরসি গত ১৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিঃ-এ নিলামের মাধ্যমে ফোরজি তরঙ্গ বরাদ্দ দেয়।




চিত্র-১৪: ফোরজি (4G) তরঙ্গ বরাদ্দ।

## 4G/LTE Cellular Mobile Phone Services Operator লাইসেন্স প্রদান (ফেব্রুয়ারি ২০১৮)

কমিশন হতে ২০১৮ সালে Teletalk Bangladesh Limited, Banglalink Digital Communications Limited, Grameenphone Limited এবং Robi Axiata Limited এর অনুকূলে 4G/LTE Cellular Mobile Phone Services Operator লাইসেন্স প্রদান করা হয়।

## অর্জন ২০১৬

### “বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প”-কে “রিকগনিশন অফ এক্সেলেন্স” এওয়ার্ড প্রদান (নভেম্বর ২০১৬)

ITU সদস্য রাষ্ট্রসমূহসহ দেশ বিদেশের বিভিন্ন SME এবং Innovators গণের অংশগ্রহণে থাইল্যান্ডের ব্যাংককে গত ১৪-১৭ নভেম্বর, ২০১৬ তারিখে ITU Telecom World ২০১৬ অনুষ্ঠিত হয়। চারদিনব্যাপী অনুষ্ঠিত উক্ত প্রদর্শনীতে “Excellence in providing and promoting innovative ICT solution with Social impact” এর জন্য ITU এর স্বীকৃতি স্বরূপ “বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প”-কে “রিকগনিশন অফ এক্সেলেন্স” এওয়ার্ড প্রদান করা হয়। ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী আইটিইউ মহা-সচিবের কাছ থেকে উক্ত সম্মাননা গ্রহণ করেন।